প্রথম আলো

তারিখ 24 DEC 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

# স্কুল কমিটি করার ঘোষণা থেকে সরছে ছাত্রলীগ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

- ছাত্রলীগের স্কুল কমিটির ধারণা ঠিক না : ওবায়দুল কাদের
- যেসব স্কুলে কমিটি আছে, সেগুলো থাকবে : ছাত্রলীগ

বিতর্কের মুখে মাধ্যমিক স্কুলপর্যায়ে নতুন করে কমিটি গঠনের সিদ্ধান্ত থেকে সরে আসতে হচ্ছে আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম সংগঠন বাংলাদেশ ছাত্রলীগকে। তবে যেসব স্কুলে ছাত্রলীগের কমিটি আছে, সেগুলোতে কার্যক্রম চলবে বলে জানিয়েছেন কেন্দ্রীয় নেতারা।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এই কমিটি না রাখার পক্ষে মত দিয়েছেন। গতকাল শনিবার বাংলা একাডেমির আবদুল করিম সাহিত্যবিশারদ মিলনায়তনে এক আলোচনা সভায় তিনি বলেন, 'ছাত্রলীগের স্কুল কমিটি ধারণাটি ঠিক না। এই মুহূর্তে সমালোচনা ডেকে আনার দরকার নেই।'

শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উপলক্ষে কেন্দ্রীয় ছাত্রলীগ এই সভার আয়োজন করেছিল। সভার পরে জানতে চাইলে ছাত্রলীগের সাধারণ সম্পাদক এস এম জাকির হোসাইন *প্রথম আলোকে* বলেন, 'যেহেতু আওয়ামী লীগের সাধারণ সম্পাদক পরামর্শ দিয়েছেন, তাই আপাতত নতুন করে স্কুলগুলোতে আমরা আর কমিটি দেব না। তবে যেসব স্কুলে কমিটি দেওয়া হয়েছে, সেগুলোর কার্যক্রম থাকবে।'

ছাত্রলীগের দপ্তর সম্পাদক দেলোয়ার হোসেনের তথ্যমতে, সারা দেশের সব জেলাতেই স্কুলপর্যায়ে কমিটি রয়েছে। তিনি সঠিক কোনো হিসাব না দিতে পারলেও জানান, ২৫০ থেকে ৩০০ স্কুলে তাঁদের কমিটি রয়েছে।

গত ২১ নভেম্বর বিজ্ঞপ্তি দিয়ে স্কুল কমিটি তৈরি করতে সব সাংগঠনিক ইউনিটকে নির্দেশ দিয়েছিল ছাত্রলীগ। এতে সংগঠনটির সভাপতি ও সাধারণ সম্পাদকের সই ছিল। তখন ছাত্রলীগের সভাপতি বলেছিলেন, এটি নতুন কিছু নয়। ছাত্রলীগের গঠনতন্ত্রেই স্কুল কমিটি করার কথা রয়েছে। এমনকি স্কুল ছাত্রবিষয়ক পদও রয়েছে।

তবে এ কমিটি গঠনের সিদ্ধান্তের বিরোধিতা আসে খোদ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাদের মধ্য থেকে। সহসভাপতি, যুগ্ম সাধারণ সম্পাদকসহ ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতারা সামাজিক যোগাযোগমাধ্যমে এ বিষয়ে ক্ষোভ প্রকাশ করেন। পাল্টাপাল্টি বক্তব্যও চলে দুই পক্ষের মধ্যে। গণমাধ্যমেও সমালোচনা হয়। এরই মধ্যে গত ৩০ নভেম্বর পিরোজপুরে একটি স্কুলের ছাত্রলীগ শাখার সভাপতি একজন শিক্ষককে লাঞ্ছিত করে। ওই সভাপতিকে পরে বহিষ্কার করে ছাত্রলীগের কমিটি বিলুপ্ত করা হয়।

গতকাল সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, এমনিতেই ছেলেমেয়েদের পিঠে বইপুস্তকের বোঝা, তার ওপর রাজনীতির বোঝা চাপানোর দরকার নেই। কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে ছাত্ররাজনীতি থাকতে পারে। এসব জায়গায় ছাত্রলীগের কমিটি আরও পরিশীলিত করতে হবে। সেখানে যেন কোনো বিশৃঙ্খলা না হয়, সে বিষয়ে ছাত্রলীগকে সতর্ক থাকতে হবে। তিনি বলেন, সামনে নির্বাচন, তাই ছাত্রলীগের কর্মকাণ্ডে দলের যেন ক্ষতি না হয়।

জানতে চাইলে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সভাপতি সাইফুর রহমান বলেন, 'উনি আমাদের সব সময় ভালো পরামর্শ দেন। অতীতেও দিয়েছেন। এ বিষয়ে আমরা পরে দলের সভায় সিদ্ধান্ত নেব।'